

শহীদ নূর হোসেন মাদকাসক্ত ছিলেন বলে জাপা মহাসচিব মসিউর রহমান (রাঙ্গা) এর মন্তব্য

আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তীব্র প্রতিবাদ ও বক্তব্য প্রত্যাহার করে ক্ষমা প্রার্থনার আহবান

এরশাদবিরোধী আন্দোলনে নিহত শহীদ নূর হোসেন মাদকাসক্ত ছিলেন বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির (জাপা) মহাসচিব মসিউর রহমান (রাঙ্গা)। তার দাবি, নূর হোসেন ইয়াবা ও ফেনসিডিল মাদকে আসক্ত ছিলেন। আইন ও সালিশ কেন্দ্র (আসক) তার এ ধরনের বক্তব্যের তীব্র নিন্দা জানাচ্ছে এবং অনতিবিলম্বে এমন আপত্তিকর মন্তব্যের জন্য নূর হোসেনের পরিবারসহ জাতির কাছে ক্ষমা চাওয়ার দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ১০ নভেম্বর ২০১৯ জাতীয় পার্টির মহানগর উত্তর শাখার উদ্যোগে 'গণতন্ত্র দিবস' উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় দলটির মহাসচিব এ কথা বলেন। সভায় জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের ও অন্য কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। তিনি আরো দাবি করেন, নূর হোসেনের হত্যার ঘটনায় তৎকালীন রাষ্ট্রপতি এইচ এম এরশাদ বা তার সরকার দায়ী ছিল না। উল্লেখ্য, ১৯৮৭ সালের ১০ নভেম্বর স্বৈরাচারবিরোধী আন্দোলনে বৃকে-পিঠে 'স্বৈরাচার নিপাত যাক' এবং 'গণতন্ত্র মুক্তি পাক' স্লোগান লিখে মিছিলে অংশ নিয়েছিলেন নূর হোসেন। মিছিলটি গুলিস্তান জিরো পয়েন্টে পৌঁছালে পুলিশ গুলি ছুঁড়ে। গুলিবিদ্ধ হয়ে নূর হোসেন শহীদ হন। এরপর এরশাদবিরোধী আন্দোলন আরো জোরদার হয়ে উঠে, স্বৈরাচার এরশাদ সরকারের পতন ত্বরান্বিত হয়। এরপর থেকে নূর হোসেন গণতন্ত্রের মূর্ত প্রতীক হয়ে উঠেন। প্রতিবছর দিনটি শহীদ নূর হোসেন দিবস হিসেবে পালিত হয়। তবে ১৯৯৬ সাল থেকে জাতীয় পার্টি ১০ নভেম্বরকে 'গণতন্ত্র দিবস' হিসেবে পালন শুরু করে।

স্বৈরাচারবিরোধী আন্দোলনে নূর হোসেনের আত্মত্যাগ ও বাংলাদেশের গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামকে অগ্রাহ্য করে এমন আপত্তিকর ও অসম্মানজনক মন্তব্যের তীব্র প্রতিবাদ জানাচ্ছে আসক।